

৪
৩০/১১/২০২৪
৩০/১১/২৪
Access
২৪/১১/২৪

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৩).১৯৯৫


তারিখ: ১১/১১/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৫ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে ডিজিটাল লটারি প্রক্রিয়ার বাইরের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি (সরকারিকরণসহ) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়ের) মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল লটারির মাধ্যমে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন প্রক্রিয়া ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং অনলাইন আবেদন ফরম পূরণ ১২/১১/২০২৪ তারিখ হতে ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত চলমান থাকবে। কেন্দ্রীয় পর্যায়ের ডিজিটাল লটারি প্রক্রিয়ার আওতাভুক্ত যে সকল প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করতে পারেনি এবং কেন্দ্রীয় পর্যায়ের বাইরে যে সকল প্রতিষ্ঠান রয়েছে সে সকল প্রতিষ্ঠানকে ২০২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

- ২০২৫ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ডিজিটাল লটারি ব্যতীত অন্য কোন পদ্ধতিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে না;
- শিক্ষার্থী ভর্তির আবেদন ফরমের ফি (সরকারি ও বেসরকারি) কোনোক্রমেই ১১০/- টাকার বেশি গ্রহণ করা যাবে না;
- প্রতি শ্রেণি/শাখার বিপরীতে কোনভাবেই ৫৫ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না;
- ঢাকা মহানগরীর ক্ষেত্রে যৌক্তিক কোন কারণে সরকারি/বেসরকারি কোন শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রীয় অনলাইন ভর্তি কার্যক্রমের সাথে সংযুক্ত হতে না পারলে শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করে নিজস্ব ব্যবস্থাপনায় ডিজিটাল লটারি প্রক্রিয়ায় ভর্তি কার্যক্রম সম্পাদন করবে। তবে সেক্ষেত্রে ডিজিটাল লটারির দিন শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- ঢাকা মহানগরীর বাইরে অর্থাৎ জেলা পর্যায়ের ক্ষেত্রে ভর্তি নীতিমালায় গঠিত সংশ্লিষ্ট জেলা ভর্তি কমিটি এবং উপজেলা পর্যায়ের ক্ষেত্রে ভর্তি নীতিমালায় গঠিত সংশ্লিষ্ট উপজেলা ভর্তি কমিটির সভাপতি কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে ডিজিটাল/ম্যানুয়ালি লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, কোন শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিভিত্তিক শূন্য আসনের তুলনায় আবেদন সংখ্যা কম হলে উক্ত প্রতিষ্ঠানসমূহ লটারি ব্যতীত সরাসরি শিক্ষার্থী ভর্তি করাতে পারবে;
- সর্বোপরি, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- উপরোক্ত নির্দেশনা অনুসরণ না করে বিধিবিহীনভাবে কোন শিক্ষার্থী ভর্তি করা হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

এমতাবস্থায়, ২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে সকল সম্মানিত প্রতিষ্ঠান প্রধানকে উপরের নির্দেশনা যথাযথ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ৪১০৫০২৮৫

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির বাইরের প্রতিষ্ঠান)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির বাইরের প্রতিষ্ঠান)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
[দৃ: আ: অতিরিক্ত সচিব, মাধ্যমিক অনুবিভাগ- ১ ও ২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]
- ০২। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৩। জেলা প্রশাসক, সকল জেলা;
- ০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল;
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা;
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা;
- ১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা;
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ১১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১২। পিএ টু পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১৩। সংরক্ষণ নথি।